

আলুর নাবী ধ্বসা রোগ (Late Blight of Potato)

রোগের লক্ষণ

ফাইটপথোরা ইনফেসটানস (*Phytophthora infestans*) নামক ছত্রাকের আক্রমণে এ রোগ হয়ে থাকে। এ রোগের আক্রমণে প্রথমে পাতা, ডগা ও কান্ডে ছোপ ছোপ বা ভেজা ভেজা বাদামী বা ফ্যাকাসে, গোলাকার বা এলোমেলো দাগ দেখা দেয় এবং পরে দাগগুলো কালো বর্ণ ধারণ করে। পরবর্তীতে দাগগুলো পাতার কিনারা হতে ভেতরের দিকে ছড়িয়ে পড়ে। গাছের কান্ড এবং টিউবারেও রোগের আক্রমণ দেখা যায়। পাতার নীচে সাদা সাদা পাউডারের মত ছত্রাক দেখা যায়। নিম্ন তাপমাত্রা এবং কুয়াশাযুক্ত আবহাওয়ায় আক্রান্ত গাছের পুরো লতাপাতা ও কান্ড পঁচে যায় এবং ২-৩ দিনের মধ্যেই সমস্ত গাছই মেরে ফেলতে পারে। আক্রান্ত ক্ষেতে পাতা পঁচার গন্ধ পাওয়া যায়, এ সময় মনে হয় যেন জমির ফসল পুড়ে গেছে।



প্রাথমিক পর্যায়ে পাতায় দাগ



কান্ডে ও পাতায় দাগ



টিউবারে আক্রান্ত লক্ষণ

সমন্বিত দমন ব্যবস্থাপনা

- নাবী ধ্বসা রোগ প্রতিরোধের জন্য ঘণ কুয়াশা হলে সকালে আলু গাছের গা থেকে কুয়াশা ঝরিয়ে ফেলতে হবে। এজন্য ক্ষেতের দু'আইলে দাঁড়িয়ে দু'পাশ থেকে দড়ি টেনে বা পাটকাঠি দিয়ে গাছে নাড়া দিয়ে অথবা খেজুর গাছের ডাল দিয়ে কুয়াশা ঝরিয়ে ফেলতে হবে;
- এছাড়া প্রত্যহ সকালে টিউবয়েলের পরিষ্কার পানি আলু গাছে স্প্রে করেও কুয়াশা ঝরিয়ে ফেলা যায়। কুয়াশা ঝরিয়ে ফেলা সম্ভব হলে এ রোগের হাত থেকে ক্ষেত রক্ষা পাবে;
- আলুর নাবী ধ্বসা রোগ আক্রান্ত হলে জমিতে সেচ দেয়া বন্ধ করতে হবে;
- আক্রান্ত গাছ দেখা মাত্র তুলে ফেলতে হবে এবং মাটিতে পুতে বা পুড়িয়ে ফেলতে হবে;
- আলু বীজ রোপনের আগে বীজ শোধন করে রোপণ করা হলে এ রোগের আক্রমণ থেকে ক্ষেত রক্ষা করা যায়। বীজ শোধন করতে প্রতি কেজি বীজের জন্য ২ গ্রাম ব্যাভিষ্টিন পাউডার প্রয়োজন মাফিক ছাইয়ের সাথে মিশিয়ে তাতে বীজ শোধন করে নিতে হবে;
- আলু ক্ষেতে নাবী ধ্বসা রোগে আক্রমণ হলে প্রতি ১০ লিটার পানির সাথে ২০ গ্রাম রিডোমিল গোল্ড, সানডোমিল, ভিটামিল, মেটারিল, ম্যানকোসিল, মেটামিল, মেটাজেব, এক্সট্রামিল সহ অন্যান্য অনুমোদিত ছত্রাকনাশক ভালোভাবে মিশিয়ে ক্ষেতে স্প্রে করতে হবে। স্প্রে করার সময় অবশ্যই গাছ, পাতা এবং কান্ড ভিজিয়ে দিতে হবে।

আরো তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপ-সহকারী কৃষি অফিসার বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।